

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ এর পরিভ্রমণ ২০২২



আগামী ২৬ ফেব্রুয়ারি ২০২২ থেকে ২ মার্চ ২০২২ পর্যন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ পায়ে হেঁটে চট্টগ্রাম কলেজ থেকে কক্সবাজার পর্যন্ত যাবে। এই উপলক্ষে ২২ ফেব্রুয়ারি ২০২২, মঙ্গলবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের পরিভ্রমণে অংশগ্রহণকারী দল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর সাথে সৌজন্য সাক্ষাত করেন।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের সম্পাদক অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার, রেজিস্ট্রার এবং প্রক্টর উপস্থিত ছিলেন।